গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

**স্মারক নং ৫১.০১.১৯১৫.০০০.৪২.০০৪.২১- ৭৫৭** তারিখ: ১৩.০৯.২০২১খ্রি.।

**বিষয়: চলতি ২০২১-২০২২ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে উন্নয়ন খাতে ১ম কিস্তির (২০% সংরক্ষিত) সহ বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল ও গম) উপ-বরাদ্দ প্রদান।**

সূত্রঃ ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.১৯৮.২১-৪০৮ তারিখ:০৬.০৯.২০২১খ্রি.
২। জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৬৩২ তারিখ:১২.০৯.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে উন্নয়ন খাতে ১ম কিস্তির (২০% সংরক্ষিত) সহ বরাদ্দকৃত নগদ অর্থ ৩১১২০০৮.৩৬(একত্রিশ লক্ষ বারো হাজার আট দশমিক তিন ছয়) টাকা ও খাদ্যশস্য চাল **৬৫.৮৪৯১**(পঁয়ষট্টি দশমিক আট চার নয় এক) মেঃটন গম ও **৬৫.৮৪৯১**(পঁয়ষট্টি দশমিক আট চার নয় এক) মেঃটন চাল বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দ হতে ২০% সংরক্ষিত সহ বরাদ্দকৃত টাকা ০৮ টি ইউনিয়নে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) | বরাদ্দকৃত খাদ্যশস্য(চাল) | বরাদ্দকৃত খাদ্যশস্য(গম) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মাধবপুর | ৪,৩১,০০০/- | ৯.২৫৭ মেঃটন | ৯.২৫৭ মেঃটন | |
| ০২ | শিদলাই | ৩,০০,০০০/- | ৬.৪১১ মেঃটন | ৬.৪১১ মেঃটন | |
| ০৩ | চান্দলা | ২,৭৫,০০০/- | ৫.৮২৫ মেঃটন | ৫.৮২৫ মেঃটন | |
| ০৪ | শশীদল | ৪,৬০,০০০/- | ১০.০৬২ মেঃটন | ১০.০৬২ মেঃটন | |
| ০৫ | দুলালপুর | ২,৬০,০০০/- | ৫.৪৩২ মেঃটন | ৫.৪৩২ মেঃটন | |
| ০৬ | ব্রাহ্মণপাড়া | ৩,০০,০০০/- | ৬.৩৪২ মেঃ টন | ৬.৩৪২ মেঃ টন | |
| ০৭ | সাহেবাবাদ | ২,৪০,০০০/- | ৫.০২৯ মেঃটন | ৫.০২৯ মেঃটন | |
| ০৮ | মালাপাড়া | ২,৩১,০০০/- | ৪.৩২২ মেঃটন | ৪.৩২২ মেঃটন | |
| ০৯ | উপজেলা পরিষদ সংরক্ষিত (২০ %) | ৬,১৫,০০৮/৩৬ | ১৩.১৬৯১ মেঃটন | ১৩.১৬৯১ মেঃটন | |
| | মোট= | ৩১,১২,০০৮/৩৬ | ৬৫.৮৪৯১ মেঃটন | ৬৫.৮৪৯১ মেঃটন | |

বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) এবং খাদ্যশস্য (চাল ও গম) প্রকল্প বাস্তবায়ন কমিটি ইউনিয়ন পরিষদের রেজুলেশন সহকারে আগামী ১৬/০৯/২০২১খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

## শর্তাবলী :

০১। ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।

০২। এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ বর্নিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরন করতে হবে।

০৩। এ বরাদ্দের নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল ও গম) দ্বারা রাস্তা নির্মাণ/পুনঃনির্মাণ , বিভিন্ন জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মাঠ ভরাট, শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ ভরাট ,পুকুর/খাল খনন/পুনঃখনন, জলাবদ্ধতা দূরীকরণের জন্য নালা ও সেচনালা খনন/পুনঃখনন, মাটির কিল্লা নির্মাণ/পুনর্ঃনির্মাণ কাজে ব্যয় করা যাবে।

০৪। ব্যক্তি মালিকানাধীন ও বিরোধপূর্ণ জমিতে প্রকল্প / স্কীম গ্রহণ করা যাবে না। সমপূর্ণ নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে জমির প্রাপ্যতা সংক্রান্ত সনদপত্র সংশ্লিষ্ট জমির মালিকানা/ওয়ারিশন, ইউপি চেয়ারম্যানের প্রত্যয়নপত্র এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে।

০৫। প্রকল্পের কাজের প্রারম্ভিক ছবি ও বাস্তবায়ন কাজ সম্পন্ন করনের ছবি এবং প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ (৫ফুট * ৩ফুট) সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্পের মোট বরাদ্দের ৬০%পর্যন্ত নগদায়ন করিয়া **HBB** (ইটের রাস্তা নির্মাণ),**CC(Cement Concrete), WBM (Water Bound Macadam)** করণ কাজে ব্যয় করা যাবে।

০৬। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্পের মোট বরাদ্দের ৬০%পর্যন্ত নগদায়ন করিয়া বর্ষণের ফলে নির্মিত রাস্তার মাটি যাহাতে সরিয়া যাইতে না পারে তাহার জন্য রাস্তার উভয় দিকে পাকা ওয়াল (রাস্তার উচ্চতার সমান অথবা যেই উচ্চতায় করিলে মাটি ধরিয়া রাখা সম্ভব সেই উচ্চতা পর্যন্ত) **প্রটেকশন ওয়াল** নির্মাণ কাজে ব্যয় করা যাবে।

০৭। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়াসহ এবং দায়ী ব্যাক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন / বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে নগদ অর্থ ছাড় করা হবে।

০৯। গৃহিত/ প্রস্তাবিত প্রকল্পের গ্রামীণ রাস্তার তাল গাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে।

১০। প্রাকৃতিক বজ্রপাত জনীত দুর্যোগে ক্ষয়-ক্ষতি রোধে **বজ্র নিরোধক দন্ড/যন্ত্র (Lightning Arrester)** ও ছাউনী স্থাপন করা যাইবে।

১১। মাটির কাজের ক্ষেত্রে প্রতি প্রকল্পের জন্য সর্বনিম্ন বরাদ্দ হইবে ০৩ (তিন) মে:টন চাউল, অথবা ০৪ (চার) মে:টন গম অথবা ০১ (এক) লক্ষ টাকা।

১২ । নিরীক্ষার জন্য মাষ্টাররোল, মাপবহি, বিল ভাউচার যথারীতি দাখিল ও সংরক্ষণ করতে হবে।

Siddiqa 26/09/2021

(ফৌজিয়া সিদ্দিকা)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

প্রাপক: চেয়ারম্যান.............................ইউনিয়ন,
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

তারিখ: ১৩.০৯.২০২১খ্রি.।

স্মারক নং ৫১.০১.১৯১৫.০০০.৪২.০০৪.২১- ৭৫৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা কুমিল্লা - ০৫।

২। জেলা প্রশাসক,কুমিল্লা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা।

৫। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।

৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

২৬/৯/২০২১